রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ৬, ২০১৫

## আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১

## প্রজ্ঞাপন

তারিখ: ০৬ আগস্ট ২০১৫ খ্রিস্টাব্দ/২২ শ্রাবণ ১৪২২ বঙ্গাব্দ

**নং আন্তঃ অপঃ ট্রাইঃ-১/বিধি/২০১৫**—ট্রাইব্যুনালের সুষ্ঠু কার্যক্রমের নিমিত্তে প্রয়োজন ও সমীচীন বিবেচনা করায় The International Crimes (Tribunals) Act 1973 [The Act No. XIX of 1973] এর ২২ ধারা তৎসহ আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল-১) কার্যপ্রণালী বিধিমালা, ২০১০ এর ৬৬ বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে উক্ত আইনের ৬ ধারা অনুসারে গঠিত এই ট্রাইব্যুনাল যাহা 'আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১' নামে অভিহিত আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল-১) কার্যপ্রণালী বিধিমালা, ২০১০ [অতঃপর 'বিধিমালা' হিসাবে উল্লিখিত] নিম্নরূপ অধিকতর সংশোধন করেন।

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা **আন্তর্জাতিক অপরাধ (ট্রাইব্যুনাল-১) কার্যপ্রণালী বিধিমালা (চতুর্থ সংশোধনী), ২০১৫** নামে অভিহিত হইবে।

২। **বিধিমালার পঞ্চম অধ্যায়ে বিদ্যমান বিধি '৪৬এ' সংখ্যাটি বিধি '৪৬এ(১)' সংখ্যা দ্বারা প্রতিস্থাপিত হইবে এবং অতঃপর নিম্নরূপ নতুন উপ-বিধি (২) এবং (৩) সন্নিবেশিত হইবে, যথাঃ—**

"(২) **অগঠিত অবস্থায় থাকা কোন ট্রাইব্যুনালে বিচারাধীন মামলাসমূহ অপর ট্রাইব্যুনাল কর্তৃক গ্রহণের ক্ষমতাঃ**—কোন ট্রাইব্যুনাল অগঠিত অবস্থায় থাকিলে ঐ ট্রাইব্যুনালে প্রাক-বিচার ও বিচার পর্বে অপেক্ষমান মামলাসমূহ, ইন্টারন্যাশনাল ক্রাইমস (ট্রাইব্যুনালস) অ্যাক্ট, ১৯৭৩ এর বিধানাবলী সাপেক্ষে, বিদ্যমান অপর ট্রাইব্যুনালে অপেক্ষমান রহিয়াছে বলিয়া গণ্য হইবে এবং পূর্বের [অগঠিত] ট্রাইব্যুনালে মামলাসমূহ যে পর্যায়ে অপেক্ষমান ছিল সেই পর্যায় হইতে সেই সব মামলার কার্যক্রম চলিবে।"


মূল্য ঃ টাকা ৮.০০

**“(৩) কোন ট্রাইব্যুনাল অগঠিত অবস্থায় থাকিলে উক্ত ট্রাইব্যুনাল কর্তৃক নিষ্পত্তিকৃত কোন মামলা সূত্রে আপীল বিভাগের রায়, আদেশ ও নির্দেশনাসহ ঐ ট্রাইব্যুনালের নথি গ্রহণে বিদ্যমান ট্রাইব্যুনালের ব্যবস্থা গ্রহণের ক্ষমতা ঃ**—কোন একটি ট্রাইব্যুনাল যখন অগঠিত অবস্থায় থাকিবে তখন ইতোমধ্যে উক্ত ট্রাইব্যুনাল কর্তৃক প্রদত্ত কোন রায় হতে উদ্ভূত আপীলে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগের রায়, আদেশ ও নির্দেশনাসহ উক্ত অগঠিত ট্রাইব্যুনালের নথি গ্রহণ এবং তদনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের ক্ষমতা বিদ্যমান ট্রাইব্যুনালের থাকিবে।”

৩। বিধিমালার **৬০ বিধির (১১)** উপ-বিধির প্রথম লাইনের **“রায়”** শব্দটির পরে **“এবং আদেশ”** শব্দ দুইটি সংযুক্ত হইবে।

৪। বিধিমালার ৬৩ বিধির পরে নিম্নবর্ণিত নতুন **৬৩এ বিধি** সন্নিবেশিত হইবে, যথা ঃ—

**“৬৩এ(১)** ঘটনা সম্বলিত কোন বিবৃতি/বিবরণ ট্রাইব্যুনালের ‘এফিডেভিট কমিশনার’ এর সম্মুখে শপথ গ্রহণপূর্বক এফিডেভিটের মাধমে উপস্থাপন করিতে হইবে।

**(২)** উপ-বিধি (১) এর উদ্দেশ্য সাধনকল্পে রেজিস্ট্রার কর্তৃক দায়িত্বপ্রাপ্ত হইয়া ডেপুটি রেজিস্ট্রার/সহকারী রেজিস্ট্রার তাহার নিজ দায়িত্বের অতিরিক্ত হিসাবে ‘এফিডেভিট কমিশনার’ হিসাবে দায়িত্ব পালন করিবেন।”

| | | |
|---|---|---|
| **বিচারপতি আনোয়ারুল হক** | **বিচারপতি জাহাঙ্গীর হোসেন** | **বিচারপতি এম ইনায়েতুর রহিম** |
| সদস্য | সদস্য | চেয়ারম্যান |

ট্রাইব্যুনালের আদেশক্রমে

**শহীদুল আলম ঝিনুক**
রেজিস্ট্রার।
আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-১

**INTERNATIONAL CRIMES TRIBUNAL-1**

**NOTIFICATION**

**Dated : 06 August 2015**

**No. Anto: Apo: Tri-1/Bidhi/2015**––The Tribunal-1 [ICT-1] known as 'International Crimes Tribunal-1', in exercise of the powers conferred by section 22 of the International Crimes (Tribunals) Act, 1973 (Act XIX of 1973) (hereinafter referred to as the "Act") read with rule 66 of the International Crimes (Tribunal-1) Rule of Procedure, 2010, considers it expedient and necessary to introduce the following further amendments in the International Crimes (Tribunal-1) Rules of Procedure, 2010 (hereinafter referred to as "Rules"):

**1. Short title:** These Rules may be cited as the **International Crimes (Tribunal-1) Rules of Procedure (Fourth amendment) 2015.**

**2. The existing rule number '46A' shall be substituted by the rule number '46A(1)' and thereafter the following new sub-rules (2) and (3) shall be inserted:**

> **"(2) Power of Tribunal to receive and try the case[s] pending in the Tribunal when it remains unformed :** When any Tribunal remains unformed, the case[s] under trial or at pre-trial stage pending before it shall be deemed to have been pending before the another functioning Tribunal and subject to the provision of the International Crimes (Tribunals) Act, 1973, it shall proceed from the stage at which it was so before the former".
>
> **"(3) Power of functioning Tribunal to receive the disposed of case record of the unformed Tribunal, to comply with decision of the Appellate Division :** Any of functioning Tribunals shall have power to receive the record of another Tribunal, when it remains unformed, together with the judgment, order and direction of the Appellate Division of the Supreme Court of Bangladesh rendered in an appeal, arising out of its judgment, for the purpose of necessary compliance".

**3.** The words **"and order"** shall be inserted after the word **'Judgment'** in the first line of **sub-rule (11) of rule 60.**

**4. The following new rule 63A shall be inserted after rule 63:—**

**"63A.(1)** Statement of fact must be placed before the Tribunal by swearing affidavit before the 'Affidavit Commissioner' of the Tribunal.

**(2)** The Deputy Registrar/ Assistant Registrar, in addition to his duty, as assigned by the Registrar shall work as an 'Affidavit Commissioner' for the purpose of the rule 63A(1)."

| **Justice Anwarul Haque** | **Justice Jahangir Hossain** | **Justice M. Enayetur Rahim** |
|---|---|---|
| Member | Member | Chairman |

By Order of the Tribunal

**Shahidul Alam Zinuk**
Registrar
International Crimes Tribunal-1

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd